# ভয়েস মিশনারি স্কুল

## (এ ইউনিট অফ ভয়েস)

## প্রবেশিকা পরীক্ষার তথ্যাবলী
## পঞ্চম থেকে নবম শ্রেণি ঃ ২০২৫

### ফর্ম পূরণ ঃ







❑ **অনলাইন ফর্ম পূরণের পদ্ধতি ঃ**

- অনলাইন ফর্ম পূরণ করা যাবে— www.voiceeducation.org এই ওয়েবসাইট থেকে।
- প্রথম পর্যায়ে মোবাইল নম্বর ভেরিফিকেশন। যেটা অফিসিয়ালি রেজিস্টার্ড হবে।
- দ্বিতীয় পর্যায়ে ফর্ম পূরণ করে ফাইনাল 'সাবমিট' করতে হবে।
- তৃতীয় পর্যায়ে ফর্মের মূল্য (১৫০ টাকা) পেমেন্ট করতে হবে।
- অনলাইনে পূরণ ফর্ম-এর 'হার্ডকপি' কোথাও জমা দেওয়ার প্রয়োজন নেই।
- অনলাইনে পূরণ ফর্ম-এর শেষ তারিখ ঃ ১লা অক্টোবর ২০২৪।

❑ **অফলাইন ফর্ম পূরণের পদ্ধতি ঃ**

- ফর্ম পরিষ্কার ভাবে ইংরাজি বড়ো অক্ষরে পূরণ করতে হবে।
- ফর্মে চাওয়া প্রতিটি তথ্য সঠিক ভাবে পূরণ করতে হবে।
- পূরণ ফর্মের সঙ্গে সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট মাপের একই রকম দুটি রঙিন ফটো দিতে হবে। একটি ফর্মের নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে লাগাতে হবে, এবং অন্যটি অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে লাগাতে হবে। ফর্মের সঙ্গে ফটো না থাকলে তা বাতিল হিসাবে গণ্য হবে।
- ফর্মের সঙ্গে কোনো ডকুমেন্টস্ দেওয়ার প্রয়োজন নেই।
- প্রবেশিকা পরীক্ষা কেন্দ্রগুলির মধ্যে যে কোনো একটি পরীক্ষাকেন্দ্র বেছে নিয়ে ফর্মে সেই পরীক্ষাকেন্দ্রের কোড নম্বর সহ পরীক্ষাকেন্দ্রের নাম নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে।
- ফর্ম পূরণ করে জমা দেওয়ার পর পরীক্ষাকেন্দ্র পরিবর্তনের কোনো আবেদন গ্রাহ্য হবে না।
- পূরণ ফর্ম যে কেন্দ্র থেকে সংগ্রহ করা হবে সেই কেন্দ্রেই জমা করতে হবে।
- ফর্মের মূল্য ১৫০ টাকা।
- ফর্ম সংগ্রহ ও পূরণ ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ - ২৯শে সেপ্টেম্বর ২০২৪।



### প্রবেশিকা পরীক্ষার সময়সূচি ঃ



- প্রবেশিকা পরীক্ষা নেওয়া হবে ঃ ০৬ই অক্টোবর, ২০২৪ (রবিবার)।
- প্রবেশিকা পরীক্ষার সময় ঃ দুপুর ১২টা থেকে ২টো পর্যন্ত।
- প্রবেশিকা পরীক্ষার বিষয় ঃ
  বাংলা - ২০, ইংরাজি - ২০, গণিত - ২৫, বিজ্ঞান - ২৫, সাধারণ জ্ঞান - ১০। মোট ১০০ নম্বর।



### প্রবেশিকা পরীক্ষার নিয়মাবলী ঃ

- প্রবেশিকা পরীক্ষা হবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের পাঠ্যসূচি অনুযায়ী।
- প্রবেশিকা পরীক্ষা শুরুর ১ ঘণ্টা আগে পরীক্ষাকেন্দ্রে পৌঁছাতে হবে।
- ভয়েস-এর অ্যাডমিট কার্ড না থাকলে প্রবেশিকা পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।
- পরীক্ষাকেন্দ্রে কোনো ইলেকট্রনিক্স নির্ণায়ক মাধ্যম, গাণিতিক সূত্রাবলী চিহ্নিত কোনো স্কেল ব্যবহার করা যাবে না।

### প্রবেশিক পরীক্ষার ফলপ্রকাশ ঃ



- প্রবেশিকা পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে - ১৮ই অক্টোবর, ২০২৪।
- ফলাফল জানতে পারবেন www.voiceeducation.org এই ওয়েবসাইট থেকে।
- সফল পরীক্ষার্থীদের ফর্মে উল্লিখিত মোবাইল নম্বরে ফোন/এস.এম.এস-এর মাধ্যমেও জানানো হবে।

### প্রবেশিকা পরীক্ষার বিশেষ তথ্য ঃ

- অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে - ০২রা অক্টোবর ২০২৪ থেকে (শুধুমাত্র অনলাইনে ফর্ম পূরণকারীদের জন্য)।